

১২০। মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের নিয়োগ।—<sup>১</sup>(১) বোর্ড, এই আইন ও বিধি কার্যকর করিবার উদ্দেশ্যে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রজ্ঞাপনে উল্লিখিত যে কোন এলাকার জন্য যে কোন ব্যক্তিকে —

- (ক) কমিশনার, মূল্য সংযোজন কর;
- (খ) কমিশনার (আপীল), মূল্য সংযোজন কর;
- (গ) কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর;
- <sup>২</sup>(গগ) মহা-পরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল];
- (ঘ) মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূল্য সংযোজন কর;
- (ঙ) মহাপরিচালক, শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, মূল্য সংযোজন কর;
- (চ) অতিরিক্ত কমিশনার বা অতিরিক্ত মহাপরিচালক, মূল্য সংযোজন কর;
- (ছ) যুগ্ম-কমিশনার বা পরিচালক, মূল্য সংযোজন কর;
- (জ) উপ-কমিশনার বা উপ-পরিচালক, মূল্য সংযোজন কর;
- (ঝ) সহকারী কমিশনার বা সহকারী পরিচালক, মূল্য সংযোজন কর;
- (ঞ) <sup>৩</sup>[সুপারিন্টেনডেন্ট], মূল্য সংযোজন কর;
- (ট) [ইসপেক্টর], মূল্য সংযোজন কর; বা
- (ঠ) অন্য যে কোন পদবীর মূল্য সংযোজন কর কর্মকর্তা,

নিয়োগ করিতে পারিবে।]

(২) উপ-ধারা (১) এর অধীনে নিয়োগকৃত মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ হিসাবে অভিহিত হইবে।]

<sup>১</sup>। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫০ বলে ধারা ২০ এর পরিবর্তে নূতন ধারা ২০ প্রতিস্থাপিত।

<sup>২</sup>। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ (খ) বলে বিদ্যমান ধারাটি উপ-ধারা (১) হিসাবে সংখ্যায়িত এবং নতুন উপ-ধারা (২) সন্নিবেশিত।

<sup>৩</sup>। অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ) এর ধারা ৬২ বলে দফা (গ) এর পর দফা (গগ) সন্নিবেশিত।

<sup>৪</sup>। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৮ (ক) বলে “সুপারিন্টেনডেন্ট” ও “ইসপেক্টর” শব্দগুলির পরিবর্তে “রাজস্ব কর্মকর্তা” ও “সহকারী রাজস্ব কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত।